

**তুর্কমিনিস্তানের মন্ত্রিসভার ডেপুটি চেয়ারম্যান
তথা বিদেশমন্ত্রীর ভারত সফর**

পররাষ্ট্র মন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের আমন্ত্রণে তুর্কমিনিস্তানের মন্ত্রিসভার ডেপুটি চেয়ারম্যান তথা বিদেশমন্ত্রী মহামান্য জনাব রশিদ মেরেদোভ ভারত সফর করছেন ১৩-১৫ অগস্ট, ২০১৭।

সফরকালে পররাষ্ট্রমন্ত্রী এবং মহামান্য বিদেশমন্ত্রী মেরেদোভ যৌথ ভাবে ১৪ অগস্ট, ২০১৭,-তে বাণিজ্য, অর্থনৈতিক, বিজ্ঞান ও প্রযুক্তি সহযোগিতা বিষয়ক তুর্কমিনিস্তান-ভারত আন্তঃসরকার কমিশনের ষষ্ঠ সভায় ১৪ অগস্ট, ২০১৭, সভাপতিত্ব করবেন।

এ ছাড়া মহামান্য জনাব মেরেদোভ আরও কয়েকটি বৈঠক করবেন এবং দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত পর্যালোচনা করবেন।

নয়াদিল্লি

অগস্ট ১৩, ২০১৭